

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতীয় দিবস-২০২১ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে জাতীয় স্মৃতিসৌধে ও বিশ্ববিদ্যালয়ের মুজিব মঞ্চে শ্রদ্ধাঞ্জলি নিবেদন



২৬ মার্চ ২০২১, শুক্রবার সকাল ৭.৪৫টায় 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতীয় দিবস-২০২১' উপলক্ষে জাতীয় স্মৃতিসৌধে এবং বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত মুজিব মঞ্চে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

এরপর জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, কর্মকর্তা সমিতি এবং বিভিন্ন সংগঠন একে একে পুষ্পার্ঘ্য অর্পণ করেন।

এ সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, রেজিস্ট্রার, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট ও হাউজ টিউটর, প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগমসহ অন্যান্য সদস্যবৃন্দ, শিক্ষার্থী, কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক প্রতিনিধি এবং কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



এ সময় মহান স্বাধীনতা সংগ্রামে বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এদিকে, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সকালে সূর্যোদয়ের সাথে সাথে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতীয় দিবস-২০২১ উপলক্ষে জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবনসমূহ আলোক সজ্জায় সজ্জিত করা হয়। বাদ জুমা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। এছাড়া বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দিনব্যাপী স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের গান ও দেশাত্মবোধক গান প্রচার করা হয়।